

হাম কিন্তু হচ্ছে

বেরী এলাকায় সম্প্রতি মিজল্‌স বা হাম এর একটি কেস ধরা পড়েছে। এটা এছাড়াও বিভিন্ন দেশে যেখানে মানুষ সচরাচর হলিডেতে যায় সেখানেও বেশ সাধারণ। হাম একটি অত্যন্ত সংক্রামক ভাইরাল সংক্রমণ যার পরিণতি গুরুতর হতে পারে।

টীকা পাওয়া যায়

ক্যাচ আপ ক্লিনিক চলছে জুলাই মাস জুড়ে, ১ থেকে ১৮ বছর বয়সী এমন সবার জন্য, যারা কোনো কারণে এম এম আর ভ্যাক্সিনের একটি ডোজ মিস করেছেন।

অনুগ্রহ করে আপনার সবচেয়ে কাছের ক্যাচ আপ ক্লিনিকের তারিখ এবং অবস্থানের জন্য কিউ আর কোডটি স্ক্যান করুন। আপনার জিপি কে টেলিফোন করে অ্যাপয়েন্টমেন্ট করা যেতে পারে।



আপনি যদি নিশ্চিত না হন আপনার শিশু এম এম আর ভ্যাক্সিন মিস করেছে কিনা, আপনি আপনার জিপি প্র্যাক্টিসকে জিজ্ঞাসা করতে পারেন। জিপি প্র্যাকটিস এবং বেরী জিপি ফেডারেশন এমন শিশুদের বাবা মায়ের সাথেও যোগাযোগ করবে, যাদের মেডিকেল রেকর্ডে দেখায় যে তারা এম এম আর এর ডোজ মিস করেছে।

পোর্সিন জেলাটিন ছাড়া ভ্যাক্সিন পাওয়া যায়। আপনি যদি পোর্সিন জেলাটিন ছাড়া কোনো ভ্যাক্সিন নিতে চান তাহলে দয়া করে ক্লিনিককে জানাবেন।

প্রাপ্তবয়স্করা যারা মনে করেন যে তারা এম এম আর ডোজ মিস করেছেন তারা তাদের জিপি প্র্যাক্টিসের সাথে কথা বলে ক্যাচ আপ ভ্যাক্সিনের ব্যবস্থা করতে পারেন। এখনও বেশী দেরী হয়নি।